



ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৪৮০৩৩৯৩, ৪৮০৩৭৩৫৭, ৪৮০৩৬৯৪২
ওয়েব সাইট: www.dcc.edu.bd ই-মেইল: cdhakacommercecollege@yahoo.com

স্মারক নং: ঢাকক-

তারিখ: ৭/০৩/২০২২

অফিস বিজ্ঞপ্তি

ঢাকা কমার্স কলেজে একাদশ (শিক্ষাবর্ষ ২০২২-২৩) শ্রেণিতে অধ্যয়নরত মেধাবী ও আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের নিকট হতে বিনা বেতনে/অর্ধবেতনে অধ্যয়নের সুযোগ প্রাপ্তির লক্ষ্যে কলেজের নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা হচ্ছে। শিক্ষার্থী কল্যাণ তহবিল হতে এ সুযোগ প্রদান করা হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা কোটা থাকবে। এ ক্ষেত্রে যে সকল বিষয় বিবেচনা করা হবে -

- (ক) পিতা-মাতার/অভিভাবকের আর্থিক অবস্থা
- (খ) ক্লাসে উপস্থিতি
- (গ) এসএসসি/সমমান পরীক্ষার ফলাফল
- (ঘ) কলেজের নিয়ম-শৃঙ্খলার প্রতি আনুগত্য প্রভৃতি।

আবেদনপত্র কলেজ অফিস হতে আগামী ০৯/৩/২০২৩ তারিখ থেকে ২১/৩/২০২৩ তারিখের মধ্যে সংগ্রহ ও পূরণ করে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে কলেজের অফিসে জমা দিতে হবে। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে এবং সাক্ষাৎকারের সময় মূল সনদপত্র দেখাতে হবে। **অসম্পূর্ণ আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।** নির্ধারিত সময়ের পর কোন আবেদন জমা নেওয়া হবে না। উল্লেখ্য, সাক্ষাৎকারে উপস্থিত না থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

বিশেষ দ্রষ্টব্য: কলেজের ওয়েবসাইট থেকেও আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ